# যক্ষ্মা

## আক্রান্ত রোগীদের জন্য তথ্য

কোন সন্দেহ বা কোন প্রশ্ন?
CLAT* আপনার প্রশ্নের জবাব দিবে

*যক্ষ্মা নিয়ন্ত্রণ কেন্দ্র



ars Agence Régionale de Santé Languedoc-Roussillon


MONTPELLIER CHU CENTRE HOSPITALIER UNIVERSITAIRE

## যক্ষ্মা রোগ

এটি একটি জীবাণুঘটিত সংক্রামক রোগ : কোচ এর ব্যাসিলাস বা বি.কে.

এটি প্রধানত ফুস্‌ফুসে হয় তবে শরীরে অন্যস্থানেও এটি হতে পারে।

অ্যান্টিবায়োটিকের মাধ্যমে এই রোগের চিকিৎসা করা হয়।



## লক্ষণ সমূহ



কাশি



রক্ত কাশি



রাত্রিকালীন ঘাম




ওজন হ্রাস



ক্লান্তিবোধ



জ্বর

দ্রষ্টব্য: এই লক্ষণগুলির মধ্যে শুধুমাত্র একটি লক্ষন নিয়েও আপনার যক্ষ্মা থাকতে পারে থাকতে পারে, অথবা আপনার শরীরে এই রোগের অবস্থানের উপর নির্ভর করে অন্য উপসর্গ থাকতে পারে।

# চিকিৎসা

কোচ এর ব্যাসিলাস বা (বি.কে.) নামক ব্যাকটেরিয়ার চিকিৎসা অ্যান্টিবায়োটিকের মাধ্যমে করা হয়। এর চিকিৎসা দীর্ঘ : সর্বনিম্ন ছয় মাস। প্রথমে, আপনি তিন বা চারটি ওষুধ গ্রহণ করবেন, কয়েক মাস পরে চিকিৎসার মাত্রা কমানো হবে।

<u>চিকিৎসা গ্রহণ :</u>


নিম্নরুপ ওষুধ গ্রহণের শর্তে চিকিৎসাটি কার্যকর হবে :

- প্রতিদিন, **বিরতি ছাড়া**;
- খালি পেটে ;

চিকিৎসকের পরামর্শ ছাড়া এবং পার্শ্ব প্রতিক্রিয়া থাকা সত্ত্বেও চিকিৎসা গ্রহণ বন্ধ করবেন না বা কমাবেন না।

চিকিৎসা বন্ধ বা ঠিকভাবে গ্রহণ না করলে, **যক্ষ্মা নিরাময় নাও হতে পারে** এবং বিশেষ করে ব্যাসিলাস ব্যাকটেরিয়া সাধারণ ওষুধ **প্রতিরোধী** হয়ে উঠতে পারে এবং ওষুধ কার্যকারিতা হারাতে পারে।

পরবর্তীতে অন্যান্য দীর্ঘ এবং আরও জটিল চিকিৎসার প্রয়োজন হবে।




১) ঘুম থেকে উঠে খালি পেটে ওষুধ নিন

২) খাবার খাওয়ার আগে ৩০ মিনিট অপেক্ষা করুন








৩) সাধারণ খাবার ৪) মদ পান বিপদজনক ৫) রাতে কিছু খাওয়া যাবে না

চিকিৎসার প্রধান পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ:

- অশ্রু এবং প্রস্রাবের কমলা রঙ ;
- গর্ভনিরোধক পিল কাজ না করা ;
- লিভারের কার্যকারিতা পরীক্ষা ব্যাহত হওয়ার ঝুঁকি ;
- দেখতে সমস্যা হওয়ার ঝুঁকি ;
- চিকিৎসার শুরুতে হজমের সমস্যা ;
- বিরল ত্বকের ফুসকুড়ি।

এই উপসর্গগুলো বেড়ে গেলে, অনুগ্রহ করে CLAT এর সাথে যোগাযোগ করুন।



কমলা রঙের প্রস্রাব



কমলা রঙের অশ্রু




বড়ি আর সুরক্ষা দেয় না

<u>মেডিকেল ফলো-আপ :</u>

- মাসিক চিকিৎসা পরামর্শ ;
- রক্ত পরীক্ষা ;
- চোখের ডাক্তার দেখানো।

রেডিওলজিকাল পরীক্ষার মাধ্যমে চিকিৎসার কার্যকারিতা পর্যবেক্ষণ করা সম্ভব হয়।




পুনরায় চিকিৎসকের পরামর্শ নিন।

লিভারের অবস্থা পর্যবেক্ষণ করতে ল্যাবে রক্ত পরীক্ষা করুন



## সামাজিক ফলো-আপ :

যক্ষ্মা একটি দীর্ঘস্থায়ী অসুস্থতা (ALD)।
ডাক্তার তাই এই রোগের বিনামূল্যে চিকিৎসার জন্য ১০০% টাকা ফেরত পাওয়ার একটি আবেদন ফর্ম পূরণ করেন।

আপনার যদি সোশ্যাল সিকিউরিটি না থেকে থাকে তবে তা চালু করার জন্য একজন অ্যাসিস্ট্যান্ট সোশ্যালের সাথে দেখা করুন।

**যক্ষ্মা নিয়ন্ত্রণ কেন্দ্র / Le Centre de Lutte Anti-Tuberculeuse** (CLAT) চিকিৎসা প্রদান করে এবং সামাজিক নিরাপত্তা কভারেজবিহীন ব্যক্তিদের বিনামূল্যে যক্ষ্মার ওষুধ সরবরাহ করে।

## রোগের সংক্রমণ

যক্ষ্মার সংক্রমণ শুধুমাত্র বাতাসের মাধ্যমে হয়ে থাকে। দৈনন্দিন শারীরিক সংস্পর্শ বা জিনিসপত্রের ব্যবহার নিরাপদ।

সুতরাং, সংক্রামক সময়ের শেষ অবধি বেশিরভাগ রোগী হাসপাতালে ভর্তি থাকেন। যারা হাসপাতালে ভর্তি নাই এবং যদি না তাদের একটি অতিরিক্ত-পালমোনারি, "অ-সংক্রামক" ফর্ম থাকে তবে তাদের আশপাশের মানুষের সুরক্ষার জন্য **মাস্ক** পরে থাকতে হবে (চিকিৎসা শুরু হওয়ার পর ৩ সপ্তাহ থেকে এক মাসের জন্য) এবং **কক্ষে নিয়মিত বায়ুচলাচলের ব্যবস্থা করতে হবে**।

চিকিৎসার আগে, এটি অনুমান করা হয়ে থাকে যে রোগ নির্ণয়ের আগে রোগী গড়ে ৩ মাস পর্যন্ত **সংক্রামক** থাকতে পারে।

এ কারণেই **CLAT** আপনার অনুমতিক্রমে একটি **অনুসন্ধানী** পরিচালনা করবে। এটি আপনার সংস্পর্শে আসা ব্যক্তিদের চিহ্নিত ও তাদের পরীক্ষা করতে সাহায্য করে। এটি করতে **CLAT** এর একজন নার্স আপনাকে সাহায্য করবে।

পরীক্ষা করা হবে এমন ব্যক্তিদের নিচের মানদণ্ড অনুযায়ী নির্বাচন করা হয় :
- রোগীর সংস্পর্শে থাকার **সময়কাল** এবং **নিকটবর্তিতা**,
- যে কক্ষে সংস্পর্শে এসেছে তার **বিস্তার**।

**সংগৃহীত তথ্য পেশাগত গোপনীয়তা দ্বারা সুরক্ষিত।**

যক্ষ্মার মোকাবিলা জনস্বাস্থের সাথে সম্পৃক্ত হওয়ায় **CLAT** এ এর চিকিৎসা সবার জন্য ফ্রি।



কাশি এবং হাঁচি



কথার সাথে থুতু ছিটকে পড়া



কক্ষে বায়ুচলাচল



মাস্ক পরা

## কোন সন্দেহ বা কোন প্রশ্ন?

- আমাকে কোন ডাক্তার পরীক্ষা করবে?
- চিকিৎসা কতক্ষণ স্থায়ী হবে? আমি কখন চিকিৎসা নিব?
- পার্শ্বপ্রতিক্রিয়ার ক্ষেত্রে আমার কী করা উচিত?
- আমার ওষুধ ফুরিয়ে গেছে এবং এক সপ্তাহের মধ্যে ডাক্তারের সাথে আমার সাক্ষাৎকার নেই, আমার কী করা উচিত?
- আমি একদিন আমার ওষুধ নিতে ভুলে গেছি।
- ফলো-আপ পরীক্ষাগুলি কোথায় করবেন (রেডিওলজি, রক্ত পরীক্ষা..) ?
- আমার সোশ্যাল সিকিউরিটি নেই: আমাকে কি ওষুধ এবং পরীক্ষার জন্য অর্থ প্রদান করতে হবে?
- আমি যদি হাসপাতাল থেকে বিল পাই তবে আমার কী করা উচিত?
- কতদিন পরে আমি বাড়ি হতে বের হতে পারব?
- সবাই কি জানতে পারবে যে আমার যক্ষা আছে?
- আমার নিকট মানুষেরা ভয় পাচ্ছে: আমার কি কোয়ারেন্টাইনে থাকা উচিত?
- আমার নিকটজনরা কোথায় পরীক্ষা করতে পারে?
- আমার নিকট মানুষদের পরীক্ষার জন্য অর্থ প্রদান করতে হবে?
- আর আমার কাজের ব্যাপারে?

এই সকল প্রশ্নসহ আরও প্রশ্নের উত্তর পেতে, CLAT এর সাথে যোগাযোগ করুন

যক্ষা নিয়ন্ত্রণ কেন্দ্র আপনার দায়িত্ব নেয়া কালীন সময়ে আপনার পাশে থাকবে।

# আমাদের স্টাফবৃন্দ

# CLAT এর সাথে কীভাবে যোগাযোগ করব?

Arnaud de Villeneuve হাসপাতাল, নিউমোলজি বিভাগ।

CLAT এর টিম :

Dr J. CHARRIOT, পালমোনোলজিস্ট এবং কাঠামোর প্রধান

Dr C. COVAS

Dr S DUTRON

নার্স টিম : Elodie BOUSQUET, Hélène BRUGIERE এবং Stéphanie JUSTET

সমন্বয়কারী : Adeline SAGNAT

সেক্রেটারি : Sylviane BOULOUYS

ফোন ০৪ ৬৭ ৩৩ ৬০ ৮৪

ফ্যাক্স ০৪ ৬৭ ৩৩ ২২ ৭৫

ইমেইল clat@chu-montpellier.fr

মঙ্গলবার এবং বৃহস্পতিবার অ্যাপয়েন্টমেন্ট এর মাধ্যমে চিকিৎসা পরামর্শ




Document réalisé par V. ANDRIEU, I. BARTHES et L. CAUMETTE (dessins de F. LAUTRAM) – Mise à jour : janvier 2017.

Conception : Service Communication, CHU de Montpellier, (01/21), G. FAUGIER

Agence Régionale de Santé Languedoc-Roussillon